রায়পুরা ম্যারাথনে সেনাবাহিনী পুলিশসহ দেশী বিদেশী ১ হাজার দৌড়বিদ অংশগ্রহন করবেন

অজয় সাহা, রায়পুরা (নরসিংদী) – নরসিংদীর রায়পুরায় বাংলাদেশ সহ বিভিন্ন দেশের ৭শ দৌড়বিদদের অংশগ্রহনের মাধ্যমে অনুষ্ঠিত হতে যাচ্ছে ‘রায়পুরা ম্যারাথন-২০২৪’। রায়পুরা উপজেলা প্রশাসন ও রায়পুরা রানার্স কমিউনিটির যৌথ আয়োজনে ৮ নভেম্বর শুক্রবার ভোরে উপজেলা পরিষদের প্রধান গেইট থেকে দৌড়বিদরা তিনটি ক্যাটাগরীর মাধ্যমে দৌড় প্রতিযোগীতায় অংশ নিবেন। যার মধ্যে ১০ কি.মি দৌড়ে অংশ নিবে ৩০০ জন, ২১ কি.মি দৌড়ে অংশ নিবে ৩০০জন ও ৪২ কি.মি দৌড়ে অংশ নিবে ১০০জন। অনুষ্ঠানটির উদ্বোধন করবেন নরসিংদী জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রাশেদ হোসেন চৌধূরী।

মঙ্গলবার (৫ নভেম্বর) দুপুরে রায়পুরা উপজেলা পরিষদ কনফারেন্স রুমে আয়োজিত মিট দ্য প্রেস অনুষ্ঠানে সাংবাদিকদের এসব কথা জানান রায়পুরা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: ইকবাল হাসান ও রায়পুরা ম্যারাথন রানার্স ডিরেক্টর সবুজ শিকদার।

তারা আরও জানান, শুক্রবার ভোর থেকে সকাল ১১টা পর্যন্ত রায়পুরা রেলগেইট থেকে হাসনাবাদ বাজার পর্যন্ত সড়কটি দিয়ে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে। পুরো সড়ক জুড়ে ২শতাধিক ভলান্টিয়ার, প্রায় অর্ধশত পুলিশ, সেনাবাহিনীর একটি টিম, অর্ধশত আনসার সদস্য সহ গ্রাম পুলিশের সদস্যরা নিরাপত্তা জোরদার করবে। পাশাপাশি দৌড়বিদদের শারিরীক চিকিৎসা সেবা নিশ্চিতে একটি অ্যাম্বুলেন্স সহ মেডিক্যাল টিম উপস্থিত থাকবে। পরে প্রতিযোগীতা শেষে বিয়াম ল্যাবরেটরী স্কুল মাঠে আনুষ্ঠানিকভাবে বিজয়ীদের পুরষ্কার বিতরণের মাধ্যমে ম্যারাথনটি সমাপ্ত ঘোষনা করা হবে। এর আগের দিন সন্ধ্যায় ম্যারথন উপলক্ষে একটি বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।
এসময় উপস্থিত ছিলেন রায়পুরা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শফিকুল ইসলাম সহ উপজেলায় কর্মরত বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।